

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে রংপুর বিভাগের ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে 'মুজিব গ্রাফিক নভেল' সিরিজ বিতরণ করেছে বিকাশ। গতকাল রংপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখন রংপুর বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ইব্রাহিম খান। রংপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ফিরজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিকাশের চিফ এক্সট্রান্সাল অ্যান্ড করপোরেট অ্যাফেয়ার্স অফিসার মেজর জেনারেল (অব) শেখ মনিরুল ইসলাম, বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক শামীম আল মামুন। আলোচনা পর্বের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বিশ্বসাহিত্য কেন্দ্রের রংপুর শাখা সংগঠক সৈয়দ আরিফুল ইসলাম। এ সময় বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন পূরণে ভবিষ্যৎ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে বক্তারা বলেন, শেখ মুজিব সব সময় বাংলা, বাঙালি এবং বাংলাদেশ নিয়ে ভেবেছেন। বাংলার মানুষের জন্য শেখ মুজিব স্কুল জীবন থেকেই প্রতিবাদী ছিলেন। তিনি এ বাংলার স্থপতি, স্বাধীনতার ঘোষক, সর্বাধিনায়ক। আলোচনা পর্ব শেষে রংপুর বিভাগের ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের মাঝে 'মুজিব গ্রাফিক নভেল' সিরিজের ৫ সেট করে মোট ২ হাজার কপি বিতরণ করা হয়। ফলে একটি স্কুলের লাইব্রেরি থেকে একসঙ্গে ৪০ জন শিক্ষার্থী 'মুজিব গ্রাফিক নভেল' সিরিজ পড়ার সুযোগ পাবেন।

advertisement

এর আগে বিশ্বসাহিত্যকেন্দ্রের মাধ্যমে ঢাকা, রাজশাহী, বরিশাল, ময়মনসিংহ, সিলেট ও খুলনা বিভাগের বিভিন্ন স্কুলে এ গ্রাফিক নভেল বিতরণ করা হয়েছে। এ পর্যন্ত ২ হাজার ৯০০ শিক্ষা প্রতিষ্ঠানে ২৬ লাখ পাঠকের জন্য ২ লাখ ৫৩ হাজার ৬০০ বই দিয়েছে বিকাশ।